খবর সোজাসুজি

প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, টুইটার এবং ইন্সটাগ্রাম।

Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

# KHABOR SOJASUJI
# খবর সোজাসুজি

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)
Editor - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের ১৫ ও ৩০ তারিখ
প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র

খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-1, Issue-14 Bardhaman , 30 December. 2023 Rs. 2.00 ( Four Pages ) Publisher - Israil Mallick

## এক নজরে

**শুভ নববর্ষ ২০২৪**

**খবর সোজাসুজি'র সকল পাঠক, বিজ্ঞাপন দাতা, সংবাদপত্র বিক্রেতা সহ সকলকে জানাই ইংরেজি নববর্ষের আন্তরিক প্রীতি, শুভেচ্ছা ও অভিনন্দন।**

- চলে গেলেন বালিডাঙ্গার মা রাঢ়েশ্বরী মন্দিরের প্রধান সেবাইত জগৎ ঘোষাল (বেচা ঘোষাল)। মৃত্যু কালে বয়স হয়েছিল ১০০ বছর।সোমবার নিজ গৃহে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।
- ১১ জানুয়ারি থেকে পূর্ব বর্ধমান জেলা প্রশাসনের উদ্যোগে জামালপুর নেতাজী ময়দানে শুরু হচ্ছে পূর্ব বর্ধমান জেলা বইমেলা, চলবে ১৭ জানুয়ারি পর্যন্ত।
- দীর্ঘ প্রতীক্ষার অবসান। নতুন বছরের প্রথমেই শুরু হচ্ছে রোজ ভ্যালি চিট ফান্ডের টাকা ফেরানোর প্রক্রিয়া।যাদের জমা পাঁচ হাজারের মধ্যে তারা প্রথম টাকা ফেরত পাবেন বলে জানা গেছে।
- গ্যাসের বায়োমেট্রিক করতে গিয়ে চরম হয়রানির শিকার গ্রাহকেরা।জোর করে গ্যাসের পাইপ দিয়ে টাকা নেওয়ার অভিযোগ। ঘাটালের চন্দ্রকোণার ঘটনা।
- ছাত্র ভর্তিকে কেন্দ্র করে ধুন্ধুমার বর্ধমান সিএমএস স্কুলে। চতুর্থ শ্রেণী থেকে পঞ্চম শ্রেণীতে ভর্তি নিয়ে সমস্যা।পরিস্থিতি সামাল দিতে স্কুলে পুলিশ।প্রবল চাঞ্চল্য এলাকায়।
- দিন দিন কোমায় চলে যাচ্ছে জিও নেটওয়ার্ক।নেট তো এমনিতেই স্লো,তার ওপর আবার কল করলেও ঠিক মতো শোনা যাচ্ছে না, অভিযোগ।নাজেহাল অবস্থা গ্রাহকদের।
- হাওড়া-বর্ধমান কর্ড লাইনে ট্রেন লেট এখন প্রতিদিনের সমস্যা হয়ে দাঁড়িয়েছে। মডেল স্টেশন হচ্ছে,কিন্তু রেলের সময়ানুবর্তিতা কোথায় ! সময়ে চলুক ট্রেন, এই দাবিতে সোচ্চার যাত্রী সাধারণ।
- দিন দিন বাড়ছে মোবাইল রিচার্জের খরচ। কিন্তু পরিষেবা

(এরপর চারের পাতায়)

# এক ইঞ্চিও জায়গা ছাড়ব না, হুঙ্কার শুভেন্দুর

নিজস্ব সংবাদদাতা ঃ নবান্নের তেরো তলায় শুভেন্দু অধিকারী ! কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখন দিল্লিতে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক করতে গেছেন, ঠিক সেই সময়ই রাজ্যের মানুষের বঞ্চনার কথা তুলে ধরতে নবান্নের তেরো তলায় পৌঁছে গেলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আলোচনা করলেন রাজ্যের মুখ্যসচিবের সঙ্গে।রাজ্যের মুখ্যসচিবের সঙ্গে আলোচনার অডিও প্রকাশ্যে এনেছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।নিজের এক্স হ্যান্ডলে সেই অডিও প্রকাশ করেছেন তিনি ইতিমধ্যেই সোস্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে সেই অডিও।



বাংলার প্রতি কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর দিল্লি সফরের পাল্টা হিসেবে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপি পরিষদীয় দল ২০ ডিসেম্বর, বুধবার সকালে রাজ্যের মানুষের বঞ্চনার প্রতিবাদে নবান্নে যান।বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এদিন বিধানসভায় এসে দলীয় বিধায়কদের সঙ্গে বৈঠক করেন এবং বিজেপি বিধায়ক চন্দনা বাউড়ী,শঙ্কর ঘোষ ও বিশাল লামাকে সঙ্গে নিয়ে নবান্নে যান।সেখানে তিনি রাজ্যের মুখ্য সচিব হরিকৃষ্ণ দ্বিবেদীর সঙ্গে বৈঠক করেন। নবান্ন থেকে বেরিয়ে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে শুভেন্দু অধিকারী জানান, "মুখ্যমন্ত্রী তার দলের সাংসদদের নিয়ে কেন্দ্রীয় বঞ্চনার কথা বলতে দিল্লি গেছেন।রাজ্যের মানুষ কেন্দ্রীয় প্রকল্প থেকে বঞ্চিত হচ্ছে।বিরোধী দলকে সমর্থন করলে তাদের ঘরছাড়া এবং প্রধানমন্ত্রী আবাস যোজনা,স্বচ্ছ ভারত যোজনা সহ একাধিক প্রকল্প থেকে তাদের বঞ্চিত করা হয়। পাশাপাশি বিরোধী সাংসদ, বিধায়কদের প্রশাসনিক বৈঠকে ডাকা হয় না।ক্ষুব্ধ তিনি অভিযোগ করেন,বাংলার মানুষকে বঞ্চিত এবং কেন্দ্রীয় অর্থ নয়ছয় করে মুখ্যমন্ত্রী দিল্লিতে গিয়ে নাটক করছেন।তাই সব তথ্য দিয়ে মুখ্যসচিবের মাধ্যমে রাজ্যের মানুষের বঞ্চনার বিষয়টি সরকারকে জানাতে তারা নবান্নে এসেছেন।মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে নিশানা করে শুভেন্দু অধিকারী রীতিমতো হুঙ্কার দিয়ে বলেন,ক্ষলড়াই হবে।এক ইঞ্চিও জায়গা আপনাকে ছাড়ব না। আপনাকে তাড়া করে বেড়াব আমরা।"

# আইজেএ'র মিলন উৎসবে চাঁদের হাট বর্ধমানে

নিজস্ব সংবাদদাতা ঃ বর্ধমান পৌরসভার পান্থশালা সভাকক্ষে এক মনোরম পরিবেশে মহাসমারোহে সম্প্রতি অনুষ্ঠিত হল শতবর্ষ প্রাচীন সাংবাদিক সংগঠন ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের পূর্ব বর্ধমান জেলা কমিটির মিলন উৎসব। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমানের জেলাশাসক পূর্ণেন্দু কুমার মাজি। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা শাসক পূর্ণেন্দু কুমার মাজি বলেন, সারা বছরে নিজেদের পেশাগত দায়িত্ব পালনের ফাঁকে এই সুন্দর আয়োজন সত্যিই প্রশংসার দাবি রাখে। এদিন তিনি সব সাংবাদিক ও প্রশাসনের প্রতিনিধিদের নিয়ে একটি প্রীতি ক্রিকেট ম্যাচ ও বনভোজনের প্রস্তাব রাখেন। উপস্থিত সাংবাদিকরা একবাক্যে এই প্রস্তাবকে স্বাগত জানান।এদিনের এই মিলন উৎসবে উপস্থিত ছিলেন ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের ন্যাশনাল এক্সিকিউটিভ কাউন্সিল মেম্বার তারকনাথ রায়, রাজ্য কার্যকরী কমিটির সদস্য জগন্নাথ ভৌমিক,আমিনুর রহমান, জয়ন্ত দত্ত, পূর্ব বর্ধমান জেলা কমিটির সভাপতি স্বপন মুখার্জি, সাধারণ সম্পাদক অরুপ লাহা সহ জেলা কমিটির অন্যান্য সদস্যবৃন্দ এবং অন্যান্য সাংবাদিক বন্ধুরা।নাচ গান, আবৃত্তিতে অনুষ্ঠান মঞ্চ মুখরিত হয়ে ওঠে।সৃজা ব্যানার্জি, অনুজা ব্যানার্জি, অস্মিতা বসু, অহংজিৎ বসু, অহনদীপ লাহা, আয়ুষ দাস, প্রাপ্তি রায় সহ অনেকেই নাচ, গান, আবৃত্তিতে অংশগ্রহণ করেন নীলম কুন্ডুর পরিচালনায় পরিবেশিত হয় মনোরম নৃত্য সাংবাদিক পার্থ চৌধুরী ও শ্যামাপ্রসাদ চৌধুরীর বক্তব্য উপস্থিত সকলের মন ছুঁয়ে যায়।মিলন উৎসবের মঞ্চ থেকে সদস্য পরিবারের উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ ছাত্র আমনদীপ গোস্বামীকে সংবর্ধনা জানানো হয়। সমগ্র অনুষ্ঠানটি সুচারুভাবে সঞ্চালনা করেন বিশিষ্ট সাংবাদিক তথা আইজেএ'র রাজ্য কমিটির সদস্য জগন্নাথ ভৌমিক।





ধনেখালির বিডিও সারোয়ার আলি'র হাতে খবর সোজাসুজি'র উৎসব সংখ্যা তুলে দিলেন খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিক।



স্বামী বিবেকানন্দ সম্পর্কে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের মন্তব্যের প্রতিবাদে মেহেমুদ খাঁনের নেতৃত্বে পথে জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেস।

Khabor Sojasuji Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# খবর সোজাসুজি

Volume-1 Issue-14 30 December. 2023

## স্বাগত ২০২৪

দেখতে দেখতে কেটে গেল আরও একটি বছর ।বিগত বছরের সুখ-দুঃখ, আনন্দ বেদনা পিছনে ফেলে নতুন বছরে অমিত সম্ভাবনার পিছনে এগিয়ে যেতে হবে আমাদের। নতুনকে বরণ করা মানুষের সহজাত প্রবৃত্তি। তাইতো নতুন বছরকে স্বাগত জানাতে মুখিয়ে আছে বাংলা সহ গোটা বিশ্ব ।আর নতুন বছরের শুরুতেই আমাদের দোরগোড়ায় হাজির আরও একটা নির্বাচন ।দেশের সরকার গড়ার নির্বাচন ।জনগণই ভোট দিয়ে ঠিক করে দেবেন আগামী পাঁচ বছর কারা চালাবেন দেশটা, জনগণের ভালো মন্দের খেয়াল রাখবেন কারা ।আবারও দিল্লির মসনদে কে বসবে নতুন বছরের প্রথম দিকেই হতে চলা লোকসভা ভোটে ইভিএমের বোতাম টিপে জানিয়ে দেবে জনগণ। নতুন বছর একারণেই বেশ তাৎপর্যপূর্ণ ।এছাড়াও নতুন বছরের শুরুতেই স্কুল পড়ুয়া ছেলে মেয়েদের মধ্যে দেখা যায় খুশির হাওয়া ।নতুন বছর মানেই স্কুলে নতুন বইয়ের গন্ধ ।নতুন ক্লাসে ওঠার আনন্দ ।নব উদ্যমে নিজের পড়াশোনা গোছানোর প্রেরণা ।নতুন বছরে শিশু কিশোরদের হাতে আসবে নতুন বই ।আবারো মেতে ওঠা নতুন বইয়ের পাতায় পাতায়। নতুন বইয়ের স্পর্শে ও গন্ধে যে উদ্দীপনা রয়েছে, ডিজিটাল বই বা ই-বুকে নেই সেই অনুভূতি ।নতুন বছর মানে জীবনটাকে আরও নতুন ভাবে উপভোগ করা, নতুন ভাবে উপলব্ধি করা ।সমাজের জন্য, মানুষের জন্য আরও বেশি বেশি কাজ করে যাওয়ার অনুপ্রেরণা ।তাই আসুন পুরানোকে হাসি মুখে বিদায় জানিয়ে নতুন উদ্যমে নতুন কিছু করার লক্ষ্যে বরণ করে নিই নতুন বছরকে।

## ছয় মাস ধরে প্রেম করার পর ধোঁকা দিল পাত্রী !
## বর সেজে বিয়ে করতে এসে পাত্র সোজা থানায় !

নিজস্ব সংবাদদাতা ঃ বিয়ের পিঁড়িতে বসার আগে উধাও হয়ে



গেল পাত্রী ! প্রবল চঞ্চল্য বর্ধমানে ।জানা গেছে ,পূর্ব বর্ধমান জেলার কাটোয়া থানায় রবিবার রাতে হঠাৎই বরের সাজেগোজে উপস্থিত বর ।হক চকিয়ে যান কাটোয়া থানার পুলিশ কর্মীরা। পরিবার সুত্রে জানা যায়, অভিযোগকারী নয়ন ঘোষের সাথে ছয় মাস আগে একটি বন্ধুর বিয়েতে প্রথম পরিচয় হয় বিউটির ।এরপর ছ'মাস ধরে অনলাইনেই কথাবার্তা, তার সঙ্গে মাঝে মধ্যেই চলত ডেটিং। বিয়ের কথা উঠলে বিউটি তার মাসির বাড়ির ঠিকানা দেয় কাটোয়া গোয়ালপাড়া ঘাটের কাছে ।বিয়ের দিনক্ষণ ঠিক হয়েছিল নাকি ফোনেইগ্ধ।যদিও ১৭ তারিখ বিয়ের কোনো দিন না থাকায় বিউটি বলে, তার দাদু মারা গেছে বছরকি শেষ হবে ১৬ তারিখে, তারপরে ১৭ তারিখে রেজিস্টি্র করে বিয়ে ।সেইমতো নদীয়ার মাটিয়ারির বাসিন্দা নয়ন ঘোষ ১৭ তারিখ রবিবার বরের বেশে বাড়িতে বিয়ের আচার অনুষ্ঠান সম্পন্ন করে গঙ্গার ঘাট পেরোলে আর যোগাযোগ করা যায়নি পাত্রী বিউটির সঙ্গে। তাতেই সমস্যা, অগত্যা বর বেশেই কাটোয় থানায় অভিযোগ দিতে হাজির হলেন পাত্র ।ঘটনায় প্রবল চাঞ্চল্য ছড়িয়েছে বর্ধমানে।

## খবর সোজাসুজি - তোমায় বলছি

### সিদ্ধেশ্বর দত্ত

কেউ এঁকেছে স্বপ্ন-রেখায়
আপন মনে তোমায় জেনো-
মন মেনেছে তোমায় সেরা
সত্যি তুমি হৃদয় চেনো।
সবার মনের প্রত্যাশাকে
এক বাঁধনে বাঁধলে তাকে
নির্ভীকতার মন্ত্র নিয়ে
এমনি করেই আঘাত হেনো -
গর্জে ওঠা কালির রেখায়
অন্ধকারের মুখোশ টেনো।
আসুক আঘাত বিঘ্ন বাধা
হার- না - মানার মন্ত্র মেনো।
ভালোবাসার অর্ঘ্য ঢালি'
হৃদয় দিয়ে হৃদয় কেনো।
অশ্বমেধের ছুটিয়ে ঘোড়া
নাই বা পেলে ফুলের তোড়া,
রূপের সাজে অঙ্গ ভরে
হীরক দ্যুতি ছড়িয়ে এনো-
সবার দোরে নতুন প্রভাত
আনবে তুমি তুমি-ই জেনো !!

# শীতের অতিথি

পার্থ পাল

কয়েকদিন আগে একটি মন ভালো করা খবরে চোখ আটকালো। জানা গেল, অরুণাচল প্রদেশের তাওয়াং জেলার পাংচেন উপত্যকার ন্যামজাং ছু এলাকায় হাজির হয়েছে বিরল প্রজাতির দুটি পরিযায়ী কালো-গলা সারস। সেই যুগলের যাতে কোন সমস্যা না হয় সেজন্য ওই এলাকায় পাথর তোলা ও পাথরকুচির কাজ অন্তত এক মাসের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছেন স্থানীয় প্রশাসন। পাখির ভালোর কথা ভেবে মানুষের এই সাময়িক পিছিয়ে আসাই প্রমাণ করে, আমাদের সভ্যতা ঠিক পথে চলেছে।

আমাদের এই দেশ গ্রীষ্মপ্রধান। দু'মাসের শীত তাই আমাদের খুব আদরের। নরম রোদ, কুয়াশা মাখা ভোর,হিমেল রাত, আগুনের তাত, খেজুরের রস আর পরিযায়ী পাখিতে অনন্য পৌষ মাঘ ।হরি পালের বলদবাঁধ, সাঁতরাগাছির ঝিলই শুধু নয় ; মনুষ্য-উৎপাতহীন যেকোন জলাভূমিতেই শীতে আসে পরিযায়ী পাখিরা। আসে,খায়-দায়, আনন্দ করে,ডিম পাড়ে,বাচ্চা ফোটায় ।তারপর বাচ্চা নিয়ে উড়ে যায় নিজেদের দেশে। কোথায় তাদের দেশ ?মূলত পৃথিবীর উত্তর গোলার্ধের শীতপ্রধান এলাকা। শীতকালে ওই এলাকাগুলি ঢাকা থাকে বরফস্তরের মোটা চাদরে ।সাইবেরিয়া,গ্রীনল্যান্ড, আইসল্যান্ডে গ্রীষ্মকালে এরা প্রচুর খাবার খায়। শরীরে জমিয়ে নেয় দেদার চর্বি ।তারপর বাতাসের শীতলতা অ-সহ হলে উড়ান দেয় দক্ষিনে। সাইবেরিয়ার বক, ধূসর ওয়াগটেল,প্রশান্ত মহাসাগরের সোনালী প্লোভাররা দীর্ঘ পথ পাড়ি দিয়ে পৌঁছে যায় কর্কটক্রান্তি ও মকর ক্রান্তি রেখার মধ্যবর্তী এলাকায় ।বিহারের জগৎপুর জলাশয়,তরাই এলাকার বিভিন্ন ঝিল,ইরানের সুবৃহৎ জলাভূমি পরিযায়ী পাখিদের কলরবে মুখর হয়ে ওঠে কিছুদিন ।এরা দুটি দলে ভাগ হয়ে এখানে আসে। প্রথমে আসে মেয়ে পাখিরা ।ওরা এসে জায়গা বাছে, বাসা বানায়। তারপরের ধাপে ছেলে পাখিরা এসে হাজির হয়। আবার ক্লগ্ধাফিনচেস প্রজাতির পাখিদের ক্ষেত্রে কেবল মেয়েরাই আসে ।খেয়েদেয়ে হৃষ্টপুষ্ট হয়ে ওদের দেশে ফেরার দিকে পথ চেয়ে বসে থাকে ছেলে পাখিরা ।এদের খাবার ধরনেও আছে বিভিন্নতা ।যেমন সানবাউরা মধু খায়, বুলবুল,প্যারাকিটরা খায় পাকা ফল আর পোকা খেয়ে পেট ভরায় ইগরেট আর ওরিওলেরা। স্বচ্ছ জলে নধর বিদেশী পাখিগুলি দেখে চোখ জুড়িয়ে যায়। তাদেরকে দেখার ছলে গড়ে ওঠে পর্যটন।


তবে পরিযায়ী পাখিদের যে বৈশিষ্ট্যটি সকলকে অবাক করে তা হল তাদের দিকনির্ণয়ের ক্ষমতা। যে



পাখিগুলো এবছর বলদবাঁধে সাঁতার কেটে সাইবেরিয়ায় ফিরে গেল, তারা আবারও পরের বছর একই জলাধারে ফিরে আসে কিভাবে! বিজ্ঞানীরা জানাচ্ছেন, ওদের মাথায় পৃথিবীর চৌম্বকক্ষেত্রকে অনুভবের এক বিশেষ অঙ্গ আছে। তাই চৌম্বকক্ষেত্রকে অনুসরণ করে ওরা দিক ঠিক করতে পারে। এছাড়াও আছে সৌর-কম্পাস। সূর্যের আলো পড়ে পৃথিবীতে দিনরাত্রি হয় ।পাখিগুলি মাটি থেকে প্রায় পাঁচ কিলোমিটার উঁচু দিয়ে উড়ে যাওয়ার সময় এই আলো-আঁধারের পর্যায়ক্রম সহজে বুঝতে পারে। সেই অনুসারে ঠিক করে নেয় দিক।

দিক ঠিক করলেও এত দীর্ঘ পথ পাড়ি দেয় কিভাবে! সে ব্যাপারে ওরা মেনে চলে অদ্ভুত এক কৌশল। পাখির দল উড়ে চলে ইংরাজি ভি (V) এর আকারে ।সামনের পাখিটি বাতাস সরাতে বেশি পরিশ্রম করে ; পিছনেরগুলি ক্রমশ কম। সামনে থাকে দলপতি ।পিছনের দিকে বাচ্চারা ।দলপতি ক্লান্ত হলে পিছনের শক্তিশালী অন্য পাখির সঙ্গে স্থান পরিবর্তন করে নেয়। দলের সাথে উড়তে উড়তে বাচ্চারাও উড়ান পথকে চিনে নেয়। ফেরার পথে তাকেই যে দলপতি হতে হবে না তা কে বলতে পারে!

তখন আমরাও অপেক্ষা করে থাকব এমন সুন্দর নতুন নতুন শীত অতিথিদের সাদরে বরণ করে নিতে।



খবর সোজাসুজি'র উৎসব সংখ্যা পাঠে মগ্ন বিশিষ্ট সাহিত্যিক চঞ্চল সিংহরায়।



# জামালপুরের শাহহোসেনপুরে অনুষ্ঠিত হল স্বেচ্ছায় রক্তদান শিবির



নিজস্ব সংবাদদাতা ঃ স্বেচ্ছাসেবী সংস্থা হিলফুল ফুযুল- এর উদ্যোগে জামালপুর ব্লকের শাহহোসেনপুর প্রাথমিক বিদ্যালয়ে ১৮ ডিসেম্বর সোমবার অনুষ্ঠিত হল স্বেচ্ছায় রক্তদান শিবির।উপস্থিত ছিলেন জামালপুরের বিধায়ক অলোক কুমার মাঝি, জামালপুর থানার ওসি নিতু সিং,জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি মেহেমুদ খাঁন, জামালপুর পঞ্চায়েত সমিতির সহ সভাপতি ভূতনাথ মালিক, জামালপুর ব্লক শ্রমিক সংগঠনের সভাপতি তাবারক আলি মন্ডল, জোতশ্রীরাম পঞ্চায়েতের প্রধান আরিফা মন্ডল, হিলফুল ফুযুলের সভাপতি সমিফুল ইসলাম, সম্পাদক শেখ সাহাজামাল সহ অন্যান্যরা।মোট ৬০জন রক্তদাতা এদিনের শিবিরে রক্তদান করেন বলে জানা গেছে।সংগৃহীত রক্ত তুলে দেওয়া হয় রশ্মি ব্লাড ব্যাংকের হাতে।প্রত্যেক রক্তদাতাদের হাতে উপহার হিসেবে একটি করে চারা গাছ তুলে দেওয়া হয় সংস্থার পক্ষ থেকে।

# আইজেএ'র উদ্যোগে স্বাস্থ্য পরীক্ষা শিবির

নিজস্ব সংবাদদাতা ঃ ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের পূর্ব বর্ধমান জেলা শাখার উদ্যোগে এবং




শরণ্যা মাল্টিস্পেশালিটি হাসপাতালের ব্যবস্থাপনায় বর্ধমান কোর্ট কম্পাউন্ডে বৃহস্পতিবার ২১ ডিসেম্বর অনুষ্ঠিত হল বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা শিবির। উপস্থিত ছিলেন ইন্ডিয়ান জার্নালিস্টস অ্যাসোসিয়েশনের ন্যাশনাল এক্সিকিউটিভ কাউন্সিল মেম্বার তারকনাথ রায়,আইজেএ'র রাজ্য কমিটির সদস্য জগন্নাথ ভৌমিক, জয়ন্ত দত্ত, আমিনুর রহমান, পূর্ব বর্ধমান জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক রাম শঙ্কর মন্ডল, পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার, পূর্ব বর্ধমান জেলা পরিষদের কর্মাধ্যক্ষ বিশ্বনাথ রায়, পূর্ব বর্ধমান জেলা পরিষদের অধ্যক্ষ অপার্থিব ইসলাম, বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস,আইজেএ'র জেলা কমিটির সদস্যগণ সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং সাংবাদিক বন্ধুরা।



গুড়াপ রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী নিরন্তরানন্দ মহারাজের হাতে খবর সোজাসুজি'র উৎসব সংখ্যা তুলে দিলেন খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিক।



খবর সোজাসুজি'র নিয়মিত পাঠক বিশিষ্ট শিশু সাহিত্যিক সুনীতি মুখোপাধ্যায়ের হাতে খবর সোজাসুজি'র উৎসব সংখ্যা তুলে দিলেন খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিক।



খবর সোজাসুজি'র একান্ত আগ্রহী পাঠক বিশিষ্ট শিশু সাহিত্যিক রাম চট্টখুণ্ডী'র হাতে খবর সোজাসুজি'র উৎসব সংখ্যা তুলে দিলেন খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিক।



খবর সোজাসুজি'র উৎসব সংখ্যার আবরণ উন্মোচন করলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র।



বিশিষ্ট সাহিত্যিক বিজন গঙ্গোপাধ্যায়ের হাতে খবর সোজাসুজি'র উৎসব সংখ্যা তুলে দিলেন খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিক।



জামালপুরের বিডিও পার্থ সারথি দে'র হাতে খবর সোজাসুজি'র উৎসব সংখ্যা তুলে দিলেন খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিক।



খবর সোজাসুজি'র নিয়মিত পাঠক বিশিষ্ট যাত্রাশিল্পী তথা বেতার যাত্রাপালাকার প্রভাস পালের হাতে খবর সোজাসুজি'র উৎসব সংখ্যা তুলে দিলেন খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিক।

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)

# খানপুর নবারুণ সংঘের পরিচালনায় অনুষ্ঠিত হল পাঁচ দিন ব্যাপী ক্রিকেট প্রতিযোগিতা



নিজস্ব প্রতিনিধি ঃ প্রতি বছরের মতো এবছরও হুগলির ধনেখালি ব্লকের গুড়বাড়ি ১ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত খানপুর নবারুণ সংঘের পরিচালনায় খানপুর ফুটবল মাঠে অনুষ্ঠিত হল খানপুর প্রিমিয়ার লিগ।২১ ডিসেম্বর থেকে ২৫ ডিসেম্বর পর্যন্ত পাঁচ দিন ধরে অনুষ্ঠিত হল ১৬ দলীয় এই ক্রিকেট প্রতিযোগিতা।বৃহস্পতিবার ২১ ডিসেম্বর কোয়াটার ফাইনালে মুখোমুখি হয়েছিল শ্রীরামপুর কেডি বনাম অনন্তপুর ক্রিকেট ক্লাব এবং আরামবাগ ফিজা বনাম পাল্লা ওয়ারিয়র্স। শুক্রবার ২২ ডিসেম্বর কোয়াটার ফাইনালে মুখোমুখি হয়েছিল বর্ণপরিচয় ধনেখালি বনাম রামেশ্বরপুর সুজিত ইলেভেন এবং ইনচুড়া ইগনাইট বনাম উত্তরপাড়া অ্যাপল।শনিবার ২৩ ডিসেম্বর কোয়াটার ফাইনালে মুখোমুখি হয়েছিল রজিপুর আর্মি ইলেভেন বনাম পুইনান ডার্ক ঠান্ডার এবং শ্রেয়ান ইলেভেন ইলিশড়া বনাম হালাড়া ক্রিকেট ক্লাব। রবিবার ২৪ ডিসেম্বর কোয়াটার ফাইনালে মুখোমুখি হয়েছিল ইজাজ ইলেভেন বনাম বৈদ্যবাটী স্বর্ণসোনু এবং পায়রাটাঙি বীণাপানি বনাম নবগ্রাম আরজি ইলেভেন।

২৫ ডিসেম্বর সোমবার টান টান উত্তেজনার মধ্যে সেমিনাল ও ফাইনাল খেলা হয়।সেমিফাইনালে মুখোমুখি হয়েছিল আরামবাগ ফিজা ইলেভেন বনাম হালাড়া ক্রিকেট ক্লাব এবং মির্জা ট্রাভেলস(রামেশ্বরপুর সুজিত ইলেভেন)বনাম ইজাজ ইলেভেন। খেলোয়াড়দের সঙ্গে পরিচিতি পর্ব এবং জাতীয় সংগীতের পর ফাইনাল খেলা শুরু হয়।ফাইনালে মুখোমুখি হয়েছিল ইজাজ ইলেভেন বনাম হালাড়া ক্রিকেট ক্লাব।ইজাজ ইলেভেনকে হারিয়ে বিজয়ী হয় হালাড়া ক্রিকেট ক্লাব। খানপুর নবারুণ সংঘের পক্ষ থেকে বিজয়ী দলের হাতে পুরস্কার হিসেবে তুলে দেওয়া হয় কুড়ি হাজার টাকা ও সুদৃশ্য ট্রফি।বিজিত দলের হাতে তুলে দেওয়া হয় তেরো হাজার টাকা ও সুদৃশ্য ট্রফি। ক্লাবের পক্ষ থেকে পুরস্কার তুলে দেওয়া হয় ম্যান অফ দ্যা সিরিজ এবং বেস্ট বোলার পুটুর হাতে। বেস্ট ব্যাটসম্যান ছোটকা, বেস্ট ফিল্ডার ইজাজ ও ম্যান অফ দ্যা ম্যাচ (ফাইনাল)সানির হাতেও ক্লাবের পক্ষ থেকে তুলে দেওয়া হয় পুরস্কার। বেস্ট দর্শকের পুরস্কার পান মহিষগড়িয়ার জ্ঞান ঘোষ।খেলোয়াড়দের উৎসাহ দিতে সোমবার ফাইনাল খেলার দিন খানপুর নবারুণ সংঘের অনুষ্ঠান মঞ্চে উপস্থিত ছিলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র, ধনেখালি পঞ্চায়েত সমিতির সহ সভাপতি সৌমেন ঘোষ, খবর সোজাসুজি'র সম্পাদক ইসরাইল মল্লিক, হাফেজ আব্দুস সালাম সাহেব, বিশিষ্ট সমাজসেবী রহমান সাহেব, খানপুর নবারুণ সংঘের সভাপতি রফিকুল ইসলাম, সম্পাদক মলয় চন্দ্র,সহ সভাপতি সেখ আসাদুল ইসলাম ও ফারহাদ হোসেন,কোষাধ্যক্ষ সাহাবাজ আহমেদ, বিশিষ্ট সমাজসেবী সঞ্জয় ঘোষ সহ ক্লাবের অন্যান্য সদস্য এবং বিশিষ্ট ব্যক্তিবর্গ।অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খানপুর প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিক সিদ্ধেশ্বর দত্ত।আর সমগ্র অনুষ্ঠানটি সুচারুভাবে সঞ্চালনা করেন রফিকুল ইসলাম ও সাহাবাজ আহমেদ।পাঁচ দিন ব্যাপী খানপুর নবারুণ সংঘ আয়োজিত এই খেলাকে কেন্দ্র করে মানুষের মধ্যে ছিল চরম উৎসাহ ও উদ্দীপনা।আর দর্শকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

# গরু চুরি করতে এসে গণ পিটুনিতে মৃত ২ !

নিজস্ব সংবাদদাতা ঃ শুক্রবার রাতে গরু চুরি করতে এসে গ্রামবাসীদের হাতে বেধড়ক মার খেল ২ দুষ্কৃতী।ঘটনাটি ঘটেছে জামালপুরের তুরুক ময়না এলাকায়।স্থানীয় সূত্রে জানা গেছে, একটি চার চাকা গাড়ি দাঁড় করিয়ে গরু চুরির উদ্দেশ্যে গোয়াল ঘরের তালা ভাঙে চার দুষ্কৃতী।গরুর মালিক জানতে পেরে চেঁচামেচি করলে পাড়ার লোকেরা এসে পড়ে।দৌড়ে পালাবার সময় ২ জন পুকুরে ঝাঁপ দেয়।গ্রামবাসীরা পুকুর ঘিরে ফেলে।ঘন্টা খানেক পর ঐ দুই দুষ্কৃতী পুকুর থেকে উঠে এলে গ্রামবাসীরা তাদের মারধর শুরু করে।খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে পৌঁছায় জামালপুর থানার পুলিশ।গুরুতর জখম অবস্থায় তাদের ২ জনকে উদ্ধার করে বর্ধমান হাসপাতালে ভর্তি করে জামালপুর থানার পুলিশ।হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় দু'জনেরই মৃত্যু হয়েছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে। মৃত ব্যক্তি ২ জনের বাড়ি দক্ষিণ ২৪ পরগণা জেলায় বলে জানা গেছে।পুরো ঘটনার তদন্ত শুরু করেছে জামালপুর থানার পুলিশ।

**FARHAD HOSSAIN**
Channel Partner

**শেয়ার ও মিউচুয়াল ফান্ডে বিনিয়োগের জন্য যোগাযোগ করুন।**

KHANPUR HOOGHLY WEST BENGAL KHANPUR, HOOGHLY, WEST BENGAL, INDIA 712308

www.angelone.in

KHANPUR HOOGHLY WEST BENGAL KHANPUR, HOOGHLY, WEST BENGAL, INDIA 712308
+917718563194
farhad05ster@gmail.com

AngelOne™

## এক নজরে

(প্রথম পাতার পর)

কোথায়!নেট এর স্পিড নেই বললেই চলে, অভিযোগ। অনেকেই বলাবলি করছেন,ফোর জি'ই ঠিকঠাক চলছে না,এখন আবার ফাইভ জি'র গল্প শোনাচ্ছে !

● সেট পরীক্ষাতেও দুর্নীতি !টাকা নিয়ে ২ জন পরীক্ষার্থীকে আলাদা ঘরে পরীক্ষা দেবার ব্যবস্থা করে দেওয়ার অভিযোগ প্রিন্সিপালের বিরুদ্ধে! ফারাক্কার নুরুল হাসান কলেজের ঘটনা।

● প্রয়াত সঙ্গীত শিল্পী অনুপ ঘোষাল।

● বর্ধমান স্টেশনে জলের ট্যাঙ্ক ভেঙে নিহত ৩ জনের পরিবারের হাতে ২ লক্ষ টাকা করে এবং আহত ৩৪ জনের হাতে ৫০ হাজার টাকা করে অনুদান তুলে দিল রাজ্য সরকার।

● বর্ধমান স্টেশনে জলের ট্যাঙ্ক ভেঙে নিহতদের পরিবারকে ৫ লক্ষ টাকা করে এবং আহতদের ৫০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেবার কথা ঘোষণা করল রেল কর্তৃপক্ষ।

● পূর্ব বর্ধমান জেলা পুলিশের অন্তর্গত খন্ডঘোষ থানার উদ্যোগে কমিউনিটি পুলিশিং এর অঙ্গ হিসাবে সার্বজনীন শিক্ষাকে অঙ্গীকার করে বাদুলিয়া মিলন মেলা প্রাঙ্গণের মঞ্চে প্রায় ৫০ জন প্রাথমিক ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের হাতে খাতা পেন সহ বিভিন্ন পঠন সামগ্রী তুলে দেওয়া হল।এছাড়াও কলা বিভাগের এক মেধাবী ছাত্রীর হাতে একটি ল্যাপটপ তুলে দেওয়া হয়।

● ফের বিতর্কিত মন্তব্য মালদা জেলা তৃণমূল সভাপতি আব্দুর রহিম বক্সির ! প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে নিশানা করে রাক্ষস বলে কটাক্ষ !

● টাকার বিনিময়ে জুয়া খেলার অপরাধে পূর্ব বর্ধমানের মন্তেশ্বর থানার ভাদাই এলাকা থেকে পাঁচজনকে হাতেনাতে গ্রেফতার করল মন্তেশ্বর থানার পুলিশ।

● স্বীকৃত নয় এম ফিল ডিগ্রি !এম ফিল করতে আগ্রহী ছাত্রছাত্রীদের সতর্ক করল ইউজিসি।ইউজিসি রীতিমতো নোটিশ জারি করে জানিয়ে দিল,এম ফিল ডিগ্রি স্বীকৃত ডিগ্রি নয়।২০২৩-২৪ শিক্ষাবর্ষ এই পাঠক্রমে বিশ্ববিদ্যালয়গুলিকে ভর্তি বন্ধ রাখার নির্দেশ দিয়েছে ইউজিসি।এম ফিল কোর্সে ভর্তি না হওয়ার জন্য ছাত্র ছাত্রীদেরও সতর্ক করা হয়েছে।

● রাজ্য পুলিশের নতুন ডিজি হলেন রাজীব কুমার।

● শনিবার চন্দননগর বইমেলার শুভ উদ্বোধন বিশিষ্ট করলেন অভিনেতা বিপ্লব চট্টোপাধ্যায়।

● বাংলায় বিজেপিকে ক্ষমতায় আনলে ৪৫০ টাকায় গ্যাস দেওয়া হবে, পূর্ব মেদিনীপুরের সভা থেকে প্রতিশ্রুতি দিলেন শুভেন্দু অধিকারী।

● পূর্ব মেদিনীপুরের সভা থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চোর বলে আক্রমণ করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।



স্বামী বিবেকানন্দ সম্পর্কে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের মন্তব্যের প্রতিবাদে অসীমা পাত্রের নেতৃত্বে পথে ধনেখালি ব্লক তৃণমূল যুব কংগ্রেস।




গুড়াপ বইমেলার শুভ উদ্বোধন করলেন বিশিষ্ট শিক্ষাবিদ ড. বাণীব্রত সেন।উপস্থিত ছিলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র, বিশিষ্ট সাংবাদিক তপেশ বসু,গুড়াপ রামকৃষ্ণ মিশন আশ্রমের

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com